



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

ভিজিলেন্স টাস্কফোর্স সভার কার্যবিবরণী

সভার তারিখ	:	২৪ মার্চ ২০১৬
সভার স্থান	:	সম্মেলন কক্ষ, লেবেল ৭, প্রবাসী কল্যাণ ভবন
সভাপতি	:	যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সেমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

মার্চ ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট অনুবিভাগ
www.probashi.gov.bd

নং-৪৯.০০.০০০০.২৩১.৩১.০০১.১৬.৬২

তারিখ: ২৯.০৩.২০১৬ খ্রি:

বিষয় : **ভিজিলেন্স টাস্কফোর্সের সভার কার্যবিবরণী।**

সভার তারিখ: ২৪ মার্চ ২০১৬ খ্রিঃ।
সময় : দুপুর ২.৩০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, লেবেল ৭, প্রবাসী কল্যাণ ভবন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা:

ক্র: ন: কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১ জনাব মো: গোলাম মোস্তফা খান, যুগ্মসচিব, পরিচালক (বর্হিগমন), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
- ২ জনাব খলিল আহমদ, উপসচিব (এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৩ জনাব মোঃ মোশাররফ হোসেন, উপসচিব (মনিটরিং), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ৪ ড. আসমা আক্তার জাহান উপসচিব মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫ জনাব মো: মোশাররফ হোসেন, পরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা
- ৬ জনাব এ.এস.এম. কামরুজ্জামান, অতিরিক্ত পরিচালক, অপারেশন বিজিবি সদর দপ্তর
- ৭ লে: কমান্ডার শফিক উদ্দীন, জাজ এডভোটে জেনারেল, বাংলাদেশ কোস্ট গার্ড
- ৮ জনাব মো: সামসুল আলম, পরিচালক (প্রশাসন), আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী
- ৯ রুমানা রহমান শম্পা, সিনিয়র সহকারী সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
- ১০ ড. এস.এম. ফরহাদ হোসেন, অতিরিক্ত পুলিশ সুপার, স্পেশাল ব্রাঞ্চ (এমসিও), বাংলাদেশ পুলিশ
- ১১ জনাব চয়ন ব্রত তালুকদার, উপ-পরিচালক, এন.এস.আই, ঢাকা
- ১২ জনাব এম.কে. হাসান মাহমুদ, সহকারী সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

ভিজিলেন্স টাস্কফোর্সের সভাপতি যুগ্মসচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি মহোদয় সভার প্রারম্ভে নিরাপদ অভিবাসন সংক্রান্ত প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ে এবং ভিজিলেন্স টাস্কফোর্সের ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। সভাপতি মহোদয় অবৈধ অভিবাসন ও মানব পাচারকারীদের বিরুদ্ধে সম্প্রতি র‍্যাভ-৩ এর বিভিন্ন সফল অভিযানের প্রশংসা করেন। তিনি ঢাকা, চট্টগ্রাম ও সিলেট আন্তর্জাতিক বিমানবন্দরসমূহের ইমিগ্রেশন বিভাগ কর্তৃক প্রবাসী কল্যাণ ডেকের কর্মকর্তাদের সার্বিক সহায়তা প্রদানের বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দৃষ্টি আকর্ষণ করেন। সভায় সভাপতি মহোদয় সকলকে অবহিত করেন যে, ভিজিলেন্স টাস্কফোর্সের অভিযান প্রতিবেদন এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে নিয়মিতভাবে আপলোড করা হচ্ছে। আলোচ্যসূচি অনুসারে উপস্থিত সদস্যবৃন্দের আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলো:

১. **ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্য কো-অপ্ট**

বৈদেশিক কর্মসংস্থানকে গতিশীল ও দক্ষ করে তোলা, রিক্রুটিং এজেন্সির কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করা, ভিসা নিয়ে অনৈতিক প্রতিযোগিতা বন্ধ করা এবং কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা করার লক্ষ্যে বিগত ৮ জানুয়ারী ২০১২

তারিখ ভিজিলেন্স টাস্কফোর্স গঠন করা হয়। পরবর্তীতে ২৭ মার্চ ২০১২ তারিখ ১৩ সদস্য সমন্বয়ে টাস্কফোর্স পূর্ণগঠন করা হয়। পরবর্তীতে বিভিন্ন সময়ে কো-অপ্টের মাধ্যমে নিম্নলিখিত সদস্যদের সমন্বয়ে ভিজিলেন্স টাস্কফোর্স গঠন করা হয়।

ক্র:ন:

ভিজিলেন্স টাস্কফোর্সের কর্মকর্তার পদবি ও কর্মস্থল

০১	যুগ্ম-সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সভাপতি
০২	পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা সম্পন্ন)	সদস্য
০৩	স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন)	সদস্য
০৪	বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন)	সদস্য
০৫	বিজিবি-এর একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা সম্পন্ন)	সদস্য
০৬	পরিচালক (বহির্গমন), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)	সদস্য
০৭	উপকমিশনার বা সমপর্যায়ের একজন কর্মকর্তা (স্পেশাল ব্রাঞ্চ)	সদস্য
০৮	র‍্যাপিড একশন ব্যাটালিয়নের উপ-পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তা	সদস্য
০৯	কোস্ট গার্ডের একজন প্রতিনিধি (পরিচালক পদমর্যাদা সম্পন্ন)	সদস্য
১০	স্বাস্থ্য অধিদপ্তরের একজন প্রতিনিধি (উপ-পরিচালক পদমর্যাদা সম্পন্ন)	সদস্য
১১	আন্তর্জাতিক অভিবাসী সংস্থা (IOM)- এর একজন প্রতিনিধি	সদস্য
১২	বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি (বায়রা) সভাপতি কর্তৃক মনোনীত কার্যকরী পরিষদের একজন প্রতিনিধি	সদস্য
১৩	জাতীয় গোয়েন্দা সংস্থা (এন.এস.আই)-এর একজন প্রতিনিধি	সদস্য
১৪	মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের একজন প্রতিনিধি (উপ-সচিব পদমর্যাদা সম্পন্ন)	সদস্য
১৫	উইনরক ইন্টারন্যাশনাল-এর একজন প্রতিনিধি	সদস্য
১৬	আনসার ও ভিডিপি-এর একজন প্রতিনিধি	সদস্য
১৭	ATAB-এর একজন প্রতিনিধি	সদস্য
১৮	TOAB-এর একজন প্রতিনিধি	সদস্য
১৯	উপসচিব (এনফোর্সমেন্ট), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়	সদস্য সচিব

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগের মনিটরিং অধিশাখায় কর্মরত উপসচিব এবং এনফোর্সমেন্ট শাখা-০১ এ কর্মরত সিনিয়র সহকারী সচিব ও নিবাহী ম্যাজিস্ট্রেট যথাক্রমে অবৈধভাবে বিদেশ গমন অভিবাসন ও নিরাপদ অভিবাসন সম্পর্কিত পরিবীক্ষণ এবং মোবাইল কোর্ট পরিচালনা করে থাকেন। টাস্কফোর্সের বিভিন্ন অভিযানে দেখা যাচ্ছে হজ্জ ও ওমরাহ লাইসেন্সধারী এজেন্সিসমূহ শুধুমাত্র হজ্জব্রত পালনের উদ্দেশ্যে নিয়োজিত থাকলেও কর্মের উদ্দেশ্যে গমনেচ্ছু কর্মীদের ভিসা ও স্মার্ট কার্ড প্রসেসসহ যাবতীয় কর্মকাণ্ডে লিপ্ত হয়েছেন যা কর্মপরিধির আওতা বহির্ভূত। উপস্থিত সদস্যবৃন্দ প্রবাসী কল্যাণ মন্ত্রণালয়ের উপসচিব (মনিটরিং), এনফোর্সমেন্ট-১ এর সিনিয়র সহকারী সচিব ও নিবাহী ম্যাজিস্ট্রেট, ধর্ম মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন কর্মকর্তা এবং হজ্জ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (HAAB) এর একজন প্রতিনিধিকে ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন এবং অন্তর্ভুক্তির বিষয়ে সমর্থন প্রদান করেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি বিদ্যমান ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্য উপকমিশনার বা সম পর্যায়ের একজন কর্মকর্তা (স্পেশাল ব্রাঞ্চ) এর পরিবর্তে ইমিগ্রেশন সংশ্লিষ্ট স্পেশাল সুপারিনটেনডেন্ট ইমিগ্রেশন (স্পেশাল ব্রাঞ্চ) এর একজন প্রতিনিধিকে মনোনীত করার অনুরোধ জানান।

সিদ্ধান্ত:

(ক) ভিজিলেন্স টাস্কফোর্সের কার্যক্রম আরও গতিশীল ও কার্যকর করার জন্য উপসচিব (মনিটরিং), এ মন্ত্রণালয়ের এনফোর্সমেন্ট-১ এর সিনিয়র সহকারী সচিব ও নিবাহী ম্যাজিস্ট্রেট, ধর্ম মন্ত্রণালয়ের উপসচিব পর্যায়ের একজন কর্মকর্তা এবং হজ্জ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (HAAB) এর একজন প্রতিনিধিকে ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হবে।

(খ) বিদ্যমান ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্য উপ-কমিশনার বা সমপর্যায়ের একজন কর্মকর্তা (স্পেশাল ব্রাঞ্চ) এর পরিবর্তে ইমিগ্রেশন সংশ্লিষ্ট স্পেশাল সুপারিনটেনডেন্ট ইমিগ্রেশন (স্পেশাল ব্রাঞ্চ) এর একজন প্রতিনিধিকে মনোনীত করা হবে।

২. ভিজিলেন্স টাস্কফোর্সের প্রস্তাবিত কার্যপরিধি

অভিবাসন প্রক্রিয়ার সাথে জড়িত ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহের অধিকতর স্বচ্ছতার ও জবাবদিহিতার নিশ্চয়তা বিধানকল্পে ভিজিলেন্স টাস্কফোর্সের বর্তমান কার্যপরিধি সংশোধনের প্রয়োজনীয়তা রয়েছে। প্রস্তাবিত কার্যপরিধি সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় এবং সর্বসম্মতিক্রমে বিদ্যমান কার্যপরিধির আলোকে প্রস্তাবিত কার্যপরিধি প্রণয়ন করা হয়।

সিদ্ধান্ত:

সভায় উপস্থিত সকল সদস্যের সম্মতিক্রমে নিম্নে উল্লিখিত বিদ্যমান কার্যপরিধির পার্শ্বে বর্ণিত প্রস্তাবিত কার্যপরিধি প্রণয়ন করা হবে।

ক্র:ন:	ভিজিলেন্স টাস্কফোর্সের বিদ্যমান কার্যপরিধি	ক্র:ন:	ভিজিলেন্স টাস্কফোর্সের প্রস্তাবিত কার্যপরিধি
		১	কর্মী অভিবাসনের বিভিন্ন স্তরের সকল পক্ষের কার্যক্রম নোটিশ বা বিনা নোটিশে পর্যবেক্ষণ ও পরিদর্শন করা;
		২	জনস্বার্থে বৈধ বা অবৈধপথে যথাযথ ভ্রম ডকুমেন্ট ব্যতিরেকে কর্মের উদ্দেশ্যে বিদেশ গমনেচ্ছু কর্মীর যাত্রা বিরতকরণ;
১	বৈদেশিক কর্মসংস্থানে গতিশীলতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে সুপারিশকৃত প্রস্তাবনাসমূহের বাস্তবায়ন মনিটর করা;		
২	বিদেশে কর্মী প্রেরণ প্রক্রিয়ার সাথে জড়িত রিক্রুটিং এজেন্সিসমূহ পরিদর্শন করা;	৩	অভিবাসী কর্মীর অভিবাসনে সহায়তাকারী ব্যক্তি, রিক্রুটিং এজেন্সি, কর্মী প্রশিক্ষণ কেন্দ্র, ডায়াগনস্টিক সেন্টার ও প্যাথলজিক্যাল সেন্টার এবং অভিবাসন সংশ্লিষ্ট অন্যান্য প্রতিষ্ঠানের কার্যক্রম পরিদর্শন এবং প্রয়োজ্য ক্ষেত্রে আইনগত ব্যবস্থা গ্রহণ ও সুপারিশ প্রণয়ন
৩	যে ডায়াগনস্টিক এবং প্যাথলজি সেন্টারসমূহ বিদেশে কর্মী প্রেরণের জন্য স্বাস্থ্য পরীক্ষা এবং মেডিকেল সার্টিফিকেট ইস্যু করে সেগুলো পরিদর্শন করা;	৪	এ সংক্রান্ত অবৈধ কার্যক্রম রোধকল্পে নির্বাহী ম্যাজিস্ট্রেট কর্তৃক তাৎক্ষণিক বিচার কার্য সম্পাদন এবং প্রয়োজ্য ক্ষেত্রে জুডিসিয়াল ও মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে মামলা দায়েরের সুপারিশ করা;
৪	সঠিক ও নিরাপদভাবে অভিবাসী কর্মী প্রেরণের বিষয়ে নিয়ম-নীতি ভঙ্গকারী প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা;	৫	অত্যধিক অভিবাসন ব্যয় সম্পর্কিত তথ্য সংগ্রহ এবং তা রোধকল্পে চিহ্নিত ব্যক্তি বা প্রতিষ্ঠানের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ;
		৬	ক্ষতিগ্রস্ত প্রত্যাবাসিত কর্মীর তথ্য সংগ্রহ করা এবং দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ;
		৭	ক্ষতিগ্রস্ত অভিবাসী কর্মীর ক্ষতিপূরণ আদায়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ;
৫	অভিবাসী কর্মী প্রেরণের সঙ্গে জড়িত অবৈধ লাইসেন্সবিহীন এজেন্সির বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা;		
৬	শ্রমিক অভিবাসনের নামে যাতে শ্রমিক পাচার না হয় সে বিষয়টি নিশ্চিত করা;	৮	কর্মী অভিবাসনের নামে মানব পাচার রোধ;
৭	টাস্কফোর্স/ভিজিলেন্স টিম প্রতি মাসে অন্তত: একবার সভা করবে এবং কার্যক্রম প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/প্রতিষ্ঠানে প্রেরণ করবে;	১০	ভিজিলেন্স টাস্কফোর্স প্রতি মাসে অন্তত: একবার অভিযান পরিচালনা এবং প্রতি দু'মাসে অন্তত: একবার সভা আহ্বান করবে;

৮	অভিযোগ গ্রহণ, নিষ্পত্তিকরণ ও মনিটর করার ব্যবস্থা গ্রহণ করা;	৯	অভিবাসন সংক্রান্ত অভিযোগ গ্রহণ, পরীক্ষণ ও নিষ্পত্তিকরণ;
৯	অভিবাসন ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট এজেন্সিসমূহের সঙ্গে আদান প্রদান;	১১	সভার কার্যবিবরণী এবং অভিযানের প্রতিবেদন সংশ্লিষ্ট সকল প্রতিষ্ঠানে প্রেরণ, সুপারিশ বাস্তবায়ন, প্রতিবেদন মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডকরণ এবং অভিবাসন ব্যবস্থাপনা সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট এজেন্সিসমূহের সাথে আদান প্রদান;
		১২	বিদেশে অবস্থানরত নির্যাতিত/প্রতারণিত এবং হয়রানির শিকার কর্মীদের বিষয়ে গৃহীত ব্যবস্থা সম্পর্কে শ্রম উইং এর কার্যক্রম ভিজিলেন্স টাস্কফোর্স এক বা সংশ্লিষ্ট একাধিক সদস্য কর্তৃক সরেজমিনে পরীক্ষণ ও সুপারিশ প্রণয়ন।
১০	উপরোক্ত কার্যপরিধির বাইরে টাস্কফোর্স জনশক্তি রপ্তানি সংক্রান্ত অন্য কোন বিষয় উপর্যুক্ত মনে করলে প্রয়োজনীয় অন্যান্য কার্যক্রম গ্রহণ করবে;	১৩	উপরোক্ত কার্যপরিধির বাইরে টাস্কফোর্স বিদেশে কর্মী প্রেরণ সংক্রান্ত অন্য কোন বিষয় উপর্যুক্ত মনে করলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে;
১১	ভিজিলেন্স টাস্কফোর্স কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে;	১৪	ভিজিলেন্স টাস্কফোর্স কর্তৃপক্ষের অনুমোদনক্রমে প্রয়োজনে আরো সদস্য কো-অপ্ট করতে পারবে;

৩. প্রত্যাবাসিত কর্মীর তথ্য সংরক্ষণ

প্রতারণিত প্রত্যাবাসিত কর্মীদের তথ্য এ মন্ত্রণালয়ে সংরক্ষণ করা হয় না। প্রবাসী কল্যাণ ডেস্কের কর্মকর্তাগণ কর্তৃক প্রতিটি প্রত্যাবাসিত কর্মীর তথ্য সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করা হয়।

সিদ্ধান্ত:

প্রবাসী কল্যাণ ডেস্কসমূহ বিদেশ হতে প্রতারণিত প্রত্যাবাসিত কর্মীদের বিস্তারিত বিবরণ নিয়মিতভাবে লিপিবদ্ধ করে ভিজিলেন্স টাস্কফোর্সকে অবহিত করতে পারে।

৪. ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্যদের সম্মানী

বিভিন্ন মনিটরিং টিমের অভিযান এবং নির্বাহী ম্যাজিস্ট্রেটের মোবাইল কোর্ট পরিচালনার জন্য প্রদত্ত সম্মানীর ন্যায় ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্যদের আরো উদ্যমী হয়ে অভিযান পরিচালনার জন্য উৎসাহিত করতে সম্মানী প্রদানের ব্যবস্থা প্রবর্তনের বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত:

ভিজিলেন্স টাস্কফোর্সের সদস্যদের আরো উদ্যমী হয়ে অভিযান পরিচালনার জন্য উৎসাহিত করতে সম্মানী প্রদানের ব্যবস্থা প্রবর্তনের বিষয়ে অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে।


৫. বিএমইটি'র ডাটাবেজে Access

প্রবাসী কল্যাণ ডেস্ক এবং চট্টগ্রাম জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসে বিএমইটি'র ডাটাবেজে Access দেয়া আছে। অবৈধভাবে বিদেশে গমনকারী, সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি এবং নিয়োগকারী প্রতিষ্ঠানের তথ্য দ্রুততার সাথে প্রাপ্তি এবং ক্ষতিগ্রস্ত কর্মীর প্রত্যাবাসনের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে সহযোগিতার উদ্দেশ্যে এবং এ সংক্রান্ত আইনগত ব্যবস্থা

গ্রহণের জন্য বিএমইটি'র ডাটাবেজে এ মন্ত্রণালয়ের মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগকে Access দেয়ার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করার বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্ত:

অবৈধভাবে বিদেশে গমনকারী, সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি এবং নিয়োগকারী প্রতিষ্ঠানের তথ্য দ্রুততার সাথে প্রাপ্তি এবং ক্ষতিগ্রস্ত কর্মীর প্রত্যাবাসনের বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়কে সহযোগিতার উদ্দেশ্যে এবং এ সংক্রান্ত আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য বিএমইটি'র ডাটাবেজে এ মন্ত্রণালয়ের মনিটরিং ও এনফোর্সমেন্ট অনুবিভাগকে Access দেয়ার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ করা হবে।



(মোঃ আকরাম হোসেন)
যুগ্ম-সচিব (মনিটরিং ও এনফোর্সমেন্ট)
ও
সভাপতি, ভিজিলেন্স টাঙ্কফোর্স (VTF)
ফোন : ৮৩৩৩৪২০।

নং-৪৯.০০.০০০০.২৩১.৩১.০০১.১৬.৬২

তারিখ: ২৯.০৩.২০১৬ খ্রি:

বিতরণ : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
- ৩। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, ঢাকা
- ৪। সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। মহাপরিচালক, বিজিবি, পিলখানা, ঢাকা
- ৬। মহাপরিচালক, র্যাব ফোর্স, সদর দপ্তর, ঢাকা
- ৭। মহাপরিচালক, আনসার ও ভিডিপি, খিলগাঁও, ঢাকা
- ৮। মহাপরিচালক, বাংলাদেশ কোস্টগার্ড, আগারগাও, ঢাকা
- ৯। মহাপরিচালক, এনএসআই, সেগুনবাগিচা, ঢাকা
- ১০। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ১১। মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এ্যালিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০ [দৃ: আ: মোঃ গোলাম মোস্তফা খান, পরিচালক (বর্হিগমন) ও যুগ্মসচিব]।
- ১২। মহাপরিচালক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা
- ১৩। মোঃ মাহাবুবুল আলম, সি: প্রোথ্রাম ম্যানেজার, উইন-রক ইন্টারন্যাশনাল, হাউজ নং-০২ (৩য় তলা), রোড নং-২৩/এ, গুলশান-১, ঢাকা।
- ১৪। জনাব শাকিল মনসুর, ন্যাশনাল প্রোথ্রাম অফিসার, আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম), হাউজ # ১৩এ, রোড # ১৩৬ গুলশান-১, ঢাকা।
- ১৫। সভাপতি, বায়রা, ১৩০, নিউ ইস্কাটন, ঢাকা
- ১৬। জনাব মোঃ আবুল হাসান, যুগ্ম-সচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ, হুমায়ুন কোর্ট, এপার্টমেন্ট নং-২০৯ (৩য়) তলা, ২১, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১৭। সভাপতি, ট্যুর অপারেটর এসোসিয়েশন অব বাংলাদেশ (TOAB), ৫/২(১ম তলা), সংসদ এভিনিউ, মনিপুরীপাড়া, ঢাকা-১২১৫।
- ১৮। সভাপতি, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্টস অব বাংলাদেশ (ATAB), সাতার টাওয়ার (১৫তম তলা), ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা-১০০০।
- ১৮। জনাব শেখ মোস্তাফিজুর রহমান, সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, কুর্মিটোলা, ঢাকা।

১৯। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

সদয় অবগতির জন্য অনুলিপি :

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
- ৪। যুগ্ম-সচিব (মনি: ও এন:) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।



(খলিল আহমদ)

উপসচিব (এনফোর্সমেন্ট)

ও

সদস্য সচিব, ডিজিটেল টাঙ্কফোর্স
ফোন নং-৯৩৫৬৮৭৬, ০১৭১৬-৮০৬৬৬৬
ইমেইল: khalil6665@yahoo.com